Roll No. | | | | | | | | |

(Write Roll Number from left side exactly as in the Admit Card)

*Signature of Invigilator*

**Question Booklet Series** **X**

**PAPER–II**

**Question Booklet No.**

(Identical with OMR Answer Sheet Number)

**Subject Code : 06**

# COMMERCE

*Time : 2 Hours* *Maximum Marks: 200*

***Instructions for the Candidates***

1. Write your Roll Number in the space provided on the top of this page as well as on the OMR Sheet provided.
2. At the commencement of the examination, the question booklet will be given to you. In the first 5 (five) minutes, you are requested to open the booklet and verify it:
   (i) To have access to the Question Booklet, tear off the paper seal on the edge of this cover page.
   (ii) Faulty booklet, if detected, should be got replaced immediately by a correct booklet from the invigilator within the period of 5 minutes. Afterwards, neither the Question Booklet will be replaced nor any extra time will be given.
   (iii) Verify whether the Question Booklet No. is identical with OMR Answer Sheet No.; if not, the full set is to be replaced.
   (iv) After this verification is over, the Question Booklet Series and Question Booklet Number should be entered on the OMR Sheet.
3. This paper consists of One Hundred (100) multiple-choice type questions. All the questions are compulsory. Each question carries *two* marks.
4. Each Question has four alternative responses marked: (A) (B) (C) (D). You have to darken the circle as indicated below on the correct response against each question.
   *Example:* (A) (B) ● (D), where (C) is the correct response.
5. Your responses to the questions are to be indicated correctly in the OMR Sheet. If you mark your response at any place other than in the circle in the OMR Sheet, it will not be evaluated.
6. Rough work is to be done at the end of this booklet.
7. If you write your Name, Phone Number or put any mark on any part of the OMR Sheet, except in the space allotted for the relevant entries, which may disclose your identity or use abusive language or employ any other unfair means, such as change of response by scratching or using white fluid, you will render yourself liable to disqualification.
8. Do not tamper or fold the OMR Sheet in any way. If you do so, your OMR Sheet will not be evaluated.
9. You have to return the Original OMR Sheet to the invigilator at the end of the examination compulsorily and must not carry it with you outside the Examination Hall. You are, however, allowed to carry question booklet and duplicate copy of OMR Sheet after completion of examination.
10. **Use only Black Ball point pen.**
11. **Use of any calculator, mobile phone, electronic devices/gadgets etc. is strictly prohibited.**
12. **There is no negative marks for incorrect answer.**

***পরীক্ষার্থীদের জন্য নির্দেশাবলী***

১. এই পৃষ্ঠার উপরিভাগের নির্দিষ্ট স্থানে এবং OMR পত্রের নির্দিষ্ট স্থানে নিজের ক্রমিক সংখ্যা (Roll No.) লিখুন।

২. পরীক্ষার সূচনায় প্রশ্নপত্র-পুস্তিকাটি (Booklet) আপনাকে দেওয়া হবে। প্রথম ৫ (পাঁচ) মিনিটেই প্রশ্নপত্র-পুস্তিকাটি (Booklet) খুলে নিবিড় ভাবে যাচাই করে নেওয়ার জন্য আপনাকে অনুরোধ করা হচ্ছে ঃ
   (i) প্রশ্নপত্র-পুস্তিকাটি (Booklet) উন্মুক্ত করতে প্রচ্ছদ পৃষ্ঠার (Cover Page) প্রান্তস্থ কাগজের সীলটি আপনাকে খুলতে হবে।
   (ii) যদি প্রশ্নপত্র-পুস্তিকাটি (Booklet) ত্রুটিযুক্ত এমন নির্ধারিত হয়, তাহলে পরীক্ষা শুরুর প্রথম পাঁচ মিনিটের মধ্যে পরীক্ষা পরিদর্শক সেটি সঠিক প্রশ্নপত্র-পুস্তিকা (Booklet) দ্বারা প্রতিস্থাপিত করে দেবেন। এই সময়ের পর কোনও ভাবে প্রশ্নপত্র-পুস্তিকা (Booklet) প্রতিস্থাপন করা যাবে না। কোনও অতিরিক্ত সময়ও দেওয়া হবে না।
   (iii) প্রশ্নপত্র-পুস্তিকা (Booklet) এবং OMR পত্রের নম্বর অভিন্ন আছে কিনা যাচাই করে নেবেন। নম্বরে অমিল থাকলে সম্পূর্ণ সেট্‌টি প্রতিস্থাপিত করতে হবে।
   (iv) যাচাই সম্পূর্ণ হলে প্রশ্নপত্র-পুস্তিকার (Booklet) সিরিজ এবং প্রশ্নপত্র পুস্তিকার (বুকলেট) নম্বর OMR পত্রে লিপিবদ্ধ করতে হবে।

৩. এই পত্রটিতে একশত (১০০)-টি বহুমুখী উত্তরধর্মী প্রশ্ন (Multiple-choice Type Questions) রয়েছে। প্রতিটি প্রশ্নের উত্তর করা আবশ্যিক। প্রতিটি প্রশ্নের মান *দুই*।

৪. প্রতিটি প্রশ্নের উত্তররূপে চারটি বৃত্ত (Circle) চিহ্নিত বিকল্প উত্তর রয়েছে ঃ (A) (B) (C) (D)। নিম্নলিখিত নির্দেশমত আপনাকে সঠিক উত্তরটির বৃত্ত ঘন কালো করতে হবে।
   *উদাহরণ ঃ* (A) (B) ● (D), যেখানে সঠিক উত্তর (C)।

৫. আপনার দেওয়া প্রশ্নের সঠিক উত্তরগুলি যেন OMR পত্রের নির্দিষ্ট স্থানেই দেওয়া হয়। OMR পত্রের নির্দিষ্ট বৃত্তের বাইরে উত্তর দিলে কোনও ভাবেই তা মূল্যায়িত হবে না।

৬. প্রশ্নপত্র-পুস্তিকার (Booklet) শেষ অংশে রাফ কাজ (rough work) করবেন।

৭. OMR পত্রের নির্দিষ্ট স্থানে নির্দিষ্ট তথ্য প্রদান ব্যতীত আপনি যদি অতিরিক্ত কোনও ব্যক্তিগত তথ্য যথা— নাম, ফোন নম্বর লেখেন অথবা এমন কোনও ইঙ্গিত দেন যার দ্বারা আপনার ব্যক্তিগত পরিচয় চিহ্নিত হতে পারে অথবা কোনও অবমাননাকর ভাষার প্রয়োগ হয় অথবা অসৎ কোনও উপায় অবলম্বন করা হয় যথা— আঁচড় দিয়ে বা সাদা কালি দিয়ে উত্তর পরিবর্তনের প্রয়াস করা হয়, সেক্ষেত্রে আপনি আপনার উত্তরপত্র বাতিলের জন্য দায়ী থাকবেন।

৮. OMR পত্রটি কোনও ভাবে ক্ষতিগ্রস্ত করবেন না বা ভাঁজ করবেন না। সেক্ষেত্রে আপনার OMR পত্রটি মূল্যায়িত হবে না।

৯. পরীক্ষা সমাপ্ত হলে আবশ্যিক ভাবে প্রকৃত (Original) OMR পত্রটি পরীক্ষা পরিদর্শককে জমা দিতে হবে এবং কোনও ভাবে এটি পরীক্ষা কক্ষের বাইরে নিজের সঙ্গে বহন করা যাবে না। আপনি অবশ্য পরীক্ষা সমাপ্ত হওয়ার পর প্রশ্নপত্র-পুস্তিকাটি (Booklet) ও OMR পত্রের নকল (Duplicate) কপিটি নিজের সঙ্গে বহন করে নিয়ে যেতে পারবেন।

১০. **শুধুমাত্র কালো বল্ পয়েন্ট পেন ব্যবহার করবেন।**

১১. **কোনও প্রকার ক্যালকুলেটর, মোবাইল ফোন, বৈদ্যুতিন উপকরণের (ডিভাইস/গ্যাজেটস ইত্যাদি) ব্যবহার কঠোরভাবে নিষিদ্ধ।**

১২. **ভুল উত্তরের জন্য কোনও রকম নেতিবাচক (Negative) নম্বর দেওয়া হবে না।**

## PAPER II

## (COMMERCE)

**1.** Current account balance refers to the net flow between home country and foreign country of goods, service, income and

(A) taxes
(B) valuables
(C) gifts
(D) claims

**1.** কারেন্ট অ্যাকাউন্ট ব্যালেন্স বলতে পণ্য, সেবা, আয় ও __________-এর দেশ ও বিদেশের মধ্যে নীট আগম/নির্গম কে বোঝায়।

(A) কর
(B) মূল্যবান দ্রব্য
(C) উপহার
(D) দাবি (claims)

**2.** Which of the following is not a member of SAARC?

(A) Afghanistan
(B) Nepal
(C) Maldives
(D) Mauritius

**2.** নিম্নোক্ত কোন দেশ SAARC গোষ্ঠীর সদস্য নয়?

(A) আফগানিস্তান
(B) নেপাল
(C) মালদ্বীপ
(D) মরিশাস

**3.** With regard to WTO, subsidies are covered in two separate economic law agreements. Which are they?

(A) The Reform Treaty and the Treaty of Rome
(B) The NAFTA and the Organisation of American States of Charter
(C) The IMF's Article of Agreement and the European Central Bank's Statute
(D) The GATT and the Agreement on Subsides and Countervailing Measures

**3.** বিশ্ব বাণিজ্য সংস্থা (WTO)-তে ভরতুকির বিষয়টি দুটো পৃথক অর্থনৈতিক আইনগত চুক্তি দ্বারা নির্ধারিত। সেগুলি কী কী?

(A) সংস্কার চুক্তি ও রোমের চুক্তি
(B) NAFTA এবং আমেরিকান স্টেটস অফ চার্টার সংগঠন
(C) IMF-এর আর্টিকেল অফ এগ্রিমেন্ট এবং ইউরোপিয়ান সেন্ট্রাল ব্যাঙ্কের আইন
(D) GATT এবং এগ্রিমেন্ট অন সাবসিডিস অ্যান্ড কাউন্টারভেলিং মেজারস

**4.** The Linkage Leverage Learning Hypothesis explains

(A) the gradual internationalisation path taken by incumbent TNCs.
(B) the internationalisation strategy of micro TNCs.
(C) the emergence of TNCs from the developing countries.
(D) the gradual development of market knowledge from the parental network.

**4.** Linkage Leverage Learning Hypothesis নীচের কোন বিষয়টি ব্যাখ্যা করে?

(A) TNC কর্তৃক গৃহীত ক্রম আন্তর্জাতিকরণের পথ
(B) ক্ষুদ্র TNC-র আন্তর্জাতিকরণের কৌশল
(C) উন্নয়নশীল দেশ থেকে TNC-র উত্থান
(D) পেরেন্টাল নেটওয়ার্ক থেকে বাজার সম্বন্ধীয় জ্ঞানের ক্রমবিকাশ

**5.** Bank deposits of non-resident Indians come under the

(A) Current Account
(B) Capital Account
(C) Errors and omissions
(D) Loans and advances

**6.** The main function of the IMF is to

(A) arrange international deposits from banks.
(B) help to solve Balance of Payment problems of member countries.
(C) act as a private sector lending arm of World Bank.
(D) finance investments to developing countries.

**7.** Duty drawback is available for

(A) import duty or imported components.
(B) central excise on indigenous components.
(C) import duty and GST on indigenous components.
(D) import duty, central excise and VAT.

**8.** The phenomenon of outsourcing has its roots in the economic theory of

(A) Product Life Cycle
(B) Linking Leverage Learning
(C) Absolute Advantage
(D) Comparative Advantage

**9.** Laissez faire policy is adopted by

(A) Capitalist economy
(B) Mixed economy
(C) Socialist economy
(D) Communist economy

**10.** Which of the following is not a non-tariff barrier?

(A) Quota
(B) Embargo
(C) Countervailing duty
(D) Licensing

**5.** অনাবাসী ভারতীয়দের ব্যাঙ্কে জমা অর্থ নিম্নলিখিত শ্রেণির অন্তর্ভুক্ত ঃ

(A) কারেন্ট অ্যাকাউন্ট
(B) ক্যাপিটাল অ্যাকাউন্ট
(C) ভুল-ত্রুটি ও বাদ (Errors and omissions)
(D) ঋণ ও অগ্রিম

**6.** IMF-এর প্রধান কাজ হল

(A) ব্যাঙ্কগুলির জন্য আন্তর্জাতিক আমানত-এর ব্যবস্থা করা।
(B) সদস্য দেশগুলির ব্যালেন্স অফ পেমেন্ট সমস্যা দূরীকরনে সাহায্য করা।
(C) বেসরকারি ক্ষেত্রে, বিশ্ব ব্যাঙ্কের ঋণ প্রদানকারী অঙ্গ-সংস্থা হিসাবে কাজ করা।
(D) উন্নয়নশীল দেশের বিনিয়োগে অর্থ জোগান দেওয়া।

**7.** Duty drawback পাওয়া যায়

(A) আমদানীকৃত পণ্যের আমদানি শুল্কের উপর।
(B) দেশীয় পণ্যের কেন্দ্রীয় উৎপাদন শুল্কের উপর।
(C) দেশীয় পণ্যের আমদানি শুল্ক ও পণ্য-পরিষেবা করের উপর।
(D) আমদানি শুল্ক, কেন্দ্রীয় শুল্ক এবং যুক্তমূল্য করের উপর।

**8.** আউট সোর্সিং-এর ধারণা যে অর্থনৈতিক তত্ত্বের মূলে আছে, তা হল

(A) পণ্যের জীবনচক্র
(B) লিঙ্কিং লিভারেজ লারনিং
(C) চূড়ান্ত সুবিধা তত্ত্ব
(D) তুলনামূলক সুবিধা তত্ত্ব

**9.** 'Laissez faire' নীতি কোন ধরনের অর্থনীতি গ্রহণ করতে পারে?

(A) ধনতান্ত্রিক অর্থনীতি
(B) মিশ্র অর্থনীতি
(C) সমাজতান্ত্রিক অর্থনীতি
(D) কমিউনিস্ট অর্থনীতি

**10.** নীচের কোনটি নন-ট্যারিফ বাণিজ্য-বাধা নয়?

(A) কোটা
(B) নিষেধাজ্ঞা
(C) পাল্টা শুল্ক (Countervailing duty)
(D) লাইসেন্সিং

**11.** Face value of debentures of subsidiary company held by holding company is deducted from

(A) debentures

(B) cost of control

(C) minority interest

(D) debentures in consolidated balance sheet

**12.** Operating activities include:

(i) Principal revenue generating activities of an entity.

(ii) Other activities that are not investing or financing activities.

(A) (i) only

(B) (ii) only

(C) (i) and (ii)

(D) either (i) or (ii)

**13.** Goodwill arising on amalgamation is to be

(A) amortised on a systematic basis, normally over five years.

(B) adjusted against reserves or profit and loss account balance.

(C) retained in the books of the transferee company.

(D) retained in the books of the transferor company.

**14.** Debentures are ₹ 2,50,000 and ₹ 3,50,000 in the balance sheets for 2018 and 2019 respectively. 1,000 of the debentures of ₹ 100 each were issued at par in 2019, of which 400 debentures were issued to a supplier for the purchase of a machine. Determine the amount of issue of debentures for the purpose of Fund Flow Statement.

(A) ₹ 60,000

(B) ₹ 40,000

(C) ₹ 10,000

(D) ₹ 20,000

**15.** At the time of dissolution of a partnership firm

(A) all the assets are transferred to Realisation A/c.

(B) only current assets are transferred to Realisation A/c.

(C) non-cash assets are transferred to Realisation A/c.

(D) only liquid assets are transferred to Realisation A/c.

**11.** হোল্ডিং কোম্পানির অধীনস্থ সাবসিডিয়ারি কোম্পানির ডিবেঞ্চারের অঙ্কিত মূল্য (Face value) নীচের কোনটি থেকে বাদ দেওয়া হবে?

(A) ঋণপত্র

(B) কস্ট অফ কন্ট্রোল

(C) মাইনরিটি ইন্টারেস্ট

(D) একত্রীভূত উদ্বর্তপত্রের ঋণপত্রের মূল্য

**12.** কারবারের অপারেটিং কার্যাবলী বলতে বোঝায় ঃ

(i) প্রতিষ্ঠানের আয় অর্জন সংক্রান্ত মুখ্য কার্যাবলী

(ii) বিনিয়োগ ও আর্থিক সংক্রান্ত কার্যাবলী ছাড়া যে কোনো কার্যাবলী

(A) কেবলমাত্র (i)

(B) কেবলমাত্র (ii)

(C) (i) এবং (ii)

(D) (i) অথবা (ii)

**13.** একত্রীকরণের ফলে উদ্ভূত সুনাম

(A) সুনির্দিষ্ট ভিত্তিতে, সাধারণভাবে পাঁচ বছরে, বিভাজিত করে খরচ হিসাবে দেখানো (amortisation)।

(B) সঞ্চিতি বা লাভ-ক্ষতির হিসাবের সঙ্গে সামঞ্জস্য বিধান করা।

(C) গ্রাহক কোম্পানির বইতে লিপিবদ্ধ করা।

(D) প্রেরক কোম্পানির বইতে লিপিবদ্ধ করা।

**14.** 2018 ও 2019 সালে উদ্বর্তপত্রে ঋণপত্রের পরিমাণ ছিল যথাক্রমে 2,50,000 ও 3,50,000 টাকা। 2019 সালে প্রতিটি 100 টাকা মূল্যের 1,000টি ঋণপত্র সমমূল্যে ইস্যু করা হয়, যার মধ্যে 400টি ঋণপত্র ইস্যু করা হয় এক সরবরাহকারীকে, যার থেকে একটি মেশিন কেনা হয়েছে। Fund Flow Statement-এ ঋণপত্রের মূল্য কতটা দেখানো হবে তা নির্ণয় করো।

(A) 60,000 টাকা

(B) 40,000 টাকা

(C) 10,000 টাকা

(D) 20,000 টাকা

**15.** অংশীদারি কারবার বন্ধ (dissolve) হয়ে গেলে

(A) সমস্ত সম্পত্তিকে Realisation A/c-এ স্থানান্তরিত করা হয়।

(B) কেবলমাত্র চলতি সম্পত্তিকে Realisation A/c-এ স্থানান্তরিত করা হয়।

(C) অ-নগদ (non-cash) সম্পত্তিকে Realisation A/c-এ স্থানান্তরিত করা হয়।

(D) কেবলমাত্র তরল (liquid) সম্পদকে Realisation A/c-এ স্থানান্তরিত করা হয়।

**16.** A company can improve (lower) its Debt to Total Assets ratio by doing which of the following?

(A) Selling common stock

(B) Shifting long-term to short-term debt

(C) Shifting short-term to long-term debt

(D) Borrowing more

**17.** Different management accounting techniques can be used to account for environmental costs. One of these techniques involves analysing costs under three distinct categories: material, system and delivery & disposal. What is this technique known as?

(A) Activity-based costing

(B) Life-cycle costing

(C) Input-output analysis

(D) Flow cost accounting

**18.** Under conditions of unchanged cost structure and selling price over the consecutive two years, the sales and profits of an enterprise were as follows:

| | Sales | Profits |
|---|---|---|
| | ₹ | ₹ |
| 2018 | 1,20,000 | 9,000 |
| 2019 | 1,40,000 | 13,000 |

The Profit/volume ratio of the enterprise was

(A) 25%

(B) 30%

(C) 20%

(D) 15%

**19.** On dissolution of a partnership firm, the Realisation A/c is debited with

(A) all the liabilities of the firm.

(B) cash received from the sale of the assets.

(C) any assets taken over by one of the partners.

(D) all assets to be realised.

**20.** The rate of discount on issue of shares cannot exceed __________ per cent of the nominal value of the shares.

(A) 10

(B) 20

(C) 15

(D) 5

**16.** একটি কোম্পানি নিম্নলিখিত কোন উপায়ে ঋণ ও মোট সম্পত্তির অনুপাত উন্নত (নিম্নতর) করতে পারে?

(A) সাধারণ শেয়ার ইস্যু করে

(B) দীর্ঘমেয়াদী ঋণকে স্বল্পমেয়াদী ঋণে পরিবর্তিত করে

(C) স্বল্পমেয়াদী ঋণকে দীর্ঘমেয়াদী ঋণে পরিবর্তিত করে

(D) আরও বেশি ঋণ গ্রহণ করে

**17.** পরিবেশের পরিব্যয় হিসাব করার জন্য ব্যবস্থাপনা-হিসাবশাস্ত্রে বিভিন্ন ধরনের পদ্ধতি আছে। এদের মধ্যে একটা পদ্ধতি হল খরচকে তিনটে পৃথক বিভাগে বিশ্লেষণ করা ঃ উপাদান (material), পদ্ধতি (system) এবং সরবরাহ ও নিষ্পত্তি। এই পদ্ধতিটি কী নামে পরিচিত?

(A) Activity-based costing

(B) Life-cycle costing

(C) Input-output analysis

(D) Flow cost accounting

**18.** পরিব্যয় কাঠামো (cost-structure) ও বিক্রয়মূল্য পরপর দু’বছর অপরিবর্তিত থাকার শর্তে, একটি প্রতিষ্ঠানের বিক্রয় ও লাভের পরিমাণ ঃ

| | বিক্রয় | লাভ |
|---|---|---|
| | ₹ | ₹ |
| 2018 | 1,20,000 | 9,000 |
| 2019 | 1,40,000 | 13,000 |

প্রতিষ্ঠানের লাভ-আয়তন (Profit/volume) অনুপাত ঃ

(A) 25%

(B) 30%

(C) 20%

(D) 15%

**19.** একটি অংশীদারি কারবারের অবসায়ন (Dissolution) ঘটলে, Realisation A/c-এ ডেবিট করা হয়

(A) প্রতিষ্ঠানের মোট দায় (liabilities)।

(B) সম্পত্তি বিক্রির ফলে সংগৃহীত নগদ।

(C) কোনো এক অংশীদার দ্বারা গৃহীত কোনো সম্পত্তি।

(D) সমস্ত সম্পত্তি যেগুলি নগদীকরণ করা হবে।

**20.** শেয়ার ইস্যুর ক্ষেত্রে ছাড়ের হারের পরিমাণ নামিক মূল্যের __________ শতাংশের বেশি হতে পারে না।

(A) 10

(B) 20

(C) 15

(D) 5

**21.** Giffen goods are those goods

(A) for which demand increases as price increases.

(B) which have a high income elasticity of demand.

(C) which have short supply.

(D) which have low cross elasticity of demand.

**22.** An indifference curve is always

(A) concave to the origin.

(B) convex to the origin.

(C) parallel to the horizontal axis.

(D) parallel to the vertical axis.

**23.** If price elasticity of demand is infinity ($e_p = \infty$), the demand curve will be

(A) a vertical straight line.

(B) a horizontal straight line.

(C) a downward falling straight line.

(D) an upward rising straight line.

**24.** If two goods are substitutable the Gross price elasticity of demand will be

(A) zero

(B) negative

(C) positive

(D) infinity

**25.** __________ operates, when percentage change in output is more than the percentage change in inputs.

(A) Increasing returns to scale

(B) Constant returns to scale

(C) Variable returns to scale

(D) Decreasing returns to scale

**21.** গীফেন (Giffen) সামগ্রী হল সেইসব সামগ্রী ঃ

(A) দাম বাড়ার সঙ্গে চাহিদা বাড়ে

(B) যাদের চাহিদার আয়গত স্থিতিস্থাপকতা বেশি

(C) যাদের জোগান কম

(D) যাদের পারস্পরিক স্থিতিস্থাপকতা কম

**22.** একটি নিরপেক্ষ রেখা সবসময়

(A) মূলবিন্দুর দিকে অবতল।

(B) মূলবিন্দুর দিকে উত্তল।

(C) অনুভূমিক অক্ষের সঙ্গে সমান্তরাল।

(D) উল্লম্ব অক্ষের সঙ্গে সমান্তরাল।

**23.** যদি চাহিদার দামগত স্থিতিস্থাপকতা অসীম ($e_p = \infty$) হয়, চাহিদারেখা হবে

(A) একটি উল্লম্ব সরলরেখা।

(B) একটি অনুভূমিক সরলরেখা।

(C) একটি নিম্নমুখী সরলরেখা।

(D) একটি ঊর্ধ্বমুখী সরলরেখা।

**24.** দুটি পরিবর্ত দ্রব্যের চাহিদার পারস্পরিক মোট (Gross) দামগত স্থিতিস্থাপকতা হবে

(A) শূন্য (0)

(B) ঋণাত্মক (Negative)

(C) ধনাত্মক (Positive)

(D) অসীম (Infinity)

**25.** __________ বোঝায়, যখন উৎপাদনের শতকরা পরিবর্তনের হার উপাদানের শতকরা পরিবর্তনের হারের থেকে বেশি হয়।

(A) ক্রমবর্ধমান প্রতিদানের হার

(B) সমহার প্রতিদানের হার

(C) পরিবর্তনশীল প্রতিদানের হার

(D) ক্রমহ্রাসমান প্রতিদানের হার

**26.** A cost function is given by $C = 8Q^2 + 10Q + 20$, where Q refers to the output produced and C is the total cost of production. The average variable cost will be:

(A) $8Q^2 + 10Q$
(B) $16Q + 10$
(C) $8Q + 10$
(D) $20/Q + 8Q + 10$

**27.** The shape of the average fixed cost curve is

(A) a straight line parallel to the horizontal axis.
(B) a straight line parallel to the vertical axis.
(C) a rectangular hyperbola.
(D) a downward falling straight line.

**28.** Break even point is the point where

(A) $P < AC$
(B) $P = AVC$
(C) $P > AC$
(D) $P = AC$

**29.** What does monopolistic competition have in common with monopoly?

(A) A large number of firms
(B) Mutual interdependence
(C) The ability to collude with respect to price
(D) A downward sloping demand curve

**30.** In the kinked demand curve model of oligopoly, the existence of the kink leads to

(A) a continuous marginal revenue curve.
(B) a discontinuous marginal revenue curve.
(C) two parallel marginal revenue curves.
(D) two perpendicular marginal revenue curves.

**26.** $C = 8Q^2 + 10Q + 20$ হল একটি cost function, যেখানে Q হল উৎপাদিত দ্রব্য এবং C হল উৎপাদনের মোট খরচ। গড় পরিবর্তনশীল ব্যয় হবে

(A) $8Q^2 + 10Q$
(B) $16Q + 10$
(C) $8Q + 10$
(D) $20/Q + 8Q + 10$

**27.** গড় স্থির ব্যয় রেখার আকৃতি হল

(A) অনুভূমিক অক্ষের সমান্তরাল একটি সরলরেখা।
(B) উল্লম্ব অক্ষের সমান্তরাল একটি সরলরেখা।
(C) একটি আয়তক্ষেত্রিক সমপরাবৃত্ত।
(D) একটি নিম্নমুখী সরলরেখা।

**28.** আয়-ব্যয় সমতার বিন্দু হল একটি বিন্দু, যেখানে

(A) $P < AC$
(B) $P = AVC$
(C) $P > AC$
(D) $P = AC$

**29.** একচেটিয়া-প্রতিযোগিতা এবং একচেটিয়ার মধ্যে কী বা কোথায় মিল আছে?

(A) বহুসংখ্যক প্রতিষ্ঠান
(B) একের উপর অন্যের নির্ভরশীলতা
(C) অশুভ আঁতাতের মাধ্যমে দামের উপর প্রভাব খাটানোর ক্ষমতা
(D) একটি নিম্নমুখী চাহিদা রেখা

**30.** Oligopoly-র কোণযুক্ত চাহিদার মডেলে কোণের উপস্থিতির জন্য দেখা দেয়

(A) একটি নিরবচ্ছিন্ন প্রান্তিক আয়রেখা।
(B) একটি বিচ্ছিন্ন প্রান্তিক আয়রেখা।
(C) দুটি সমান্তরাল প্রান্তিক আয়রেখা।
(D) দুটি উল্লম্ব প্রান্তিক আয়রেখা।

**31.** In capital budgeting the term capital rationing implies that

(A) no retained earnings available.

(B) limited funds are available for investment.

(C) no external funds can be raised.

(D) no fresh investment is required in the current year.

**32.** The concept of cost of capital can also be explained in terms of __________ cost. Which one of the following can be used to fill in the blank?

(A) opportunity

(B) variable

(C) fixed

(D) sunk

**33.** The currency crisis of September 1992 was originated due to breaking down of

(A) International Monetary System

(B) European Monetary System

(C) Bretton Woods System

(D) Floating Rate System

**34.** Match the items of *List-I* with those of *List-II* and indicate the correct code:

| | *List-I* | | *List-II* |
|---|---|---|---|
| (a) | ABC Analysis | (i) | Dividend Decision |
| (b) | Walter Model | (ii) | Capital Budgeting Decision |
| (c) | Capital Rationing | (iii) | Capital Structure Decision |
| (d) | Net Operating Income Approach | (iv) | Working Capital Management Decision |

*Code*:

| | (a) | (b) | (c) | (d) |
|---|---|---|---|---|
| (A) | (i) | (iii) | (ii) | (iv) |
| (B) | (ii) | (i) | (iii) | (iv) |
| (C) | (iv) | (i) | (ii) | (iii) |
| (D) | (iii) | (i) | (ii) | (iv) |

**31.** মূলধন বাজেটিং-এর মধ্যে মূলধন রেশনিং বলতে বোঝায়

(A) কোনও অবণ্টিত আয় নেই।

(B) বিনিয়োগের জন্য সীমিত পরিমাণ ফান্ড বা তহবিল আছে।

(C) বাইরের থেকে ফান্ড বা তহবিল সংগ্রহ করা সম্ভব নয়।

(D) বর্তমান বছরে নতুন বিনিয়োগের প্রয়োজন নেই।

**32.** মূলধন জনিত ব্যয় (cost of capital) কে __________ ব্যয় হিসেবে ব্যাখ্যা করা যায়। নীচের কোনটি শূন্যস্থান পূরণের জন্য ব্যবহার করা যেতে পারে?

(A) সুযোগ (opportunity)

(B) পরিবর্তনশীল (variable)

(C) স্থির (fixed)

(D) নিমজ্জিত (sunk)

**33.** 1992 সালের সেপ্টেম্বরের মুদ্রা সংকটের উৎপত্তির কারণ হল

(A) আন্তর্জাতিক অর্থনৈতিক ব্যবস্থার ভাঙন।

(B) ইউরোপের অর্থনৈতিক ব্যবস্থার ভাঙন।

(C) Bretton Woods পদ্ধতির ভাঙন।

(D) ভাসমান হার পদ্ধতির ভাঙন।

**34.** *List-I* এবং *List-II*-এর আইটেমগুলি মিলিয়ে দেখে সঠিক কোড্‌টি নির্দেশ করো ঃ

| | *List-I* | | *List-II* |
|---|---|---|---|
| (a) | ABC বিশ্লেষণ | (i) | লভ্যাংশের সিদ্ধান্ত |
| (b) | Walter মডেল | (ii) | মূলধন বাজেটিং সিদ্ধান্ত |
| (c) | মূলধন রেশনিং | (iii) | মূলধন কাঠামোর সিদ্ধান্ত |
| (d) | নীট কার্যনির্বাহী আয় তত্ত্ব | (iv) | কার্যকরী মূলধন ব্যবস্থাপনার সিদ্ধান্ত |

*কোড্ (Code)* ঃ

| | (a) | (b) | (c) | (d) |
|---|---|---|---|---|
| (A) | (i) | (iii) | (ii) | (iv) |
| (B) | (ii) | (i) | (iii) | (iv) |
| (C) | (iv) | (i) | (ii) | (iii) |
| (D) | (iii) | (i) | (ii) | (iv) |

**35.** Profit Before Tax (PBT) of a firm has increased by 40 per cent as a result of 10 per cent increase in sales. Operating leverage of the firm is 2. What will be the financial leverage of the firm?

(A) 4
(B) 20
(C) 2
(D) 1

**35.** একটি প্রতিষ্ঠানের বিক্রয় 10% বৃদ্ধি পাওয়ার ফলে কর পূর্ববর্তী আয় 40% বৃদ্ধি পায়। প্রতিষ্ঠানটির কার্যনির্বাহী লিভারেজ 2 হলে, আর্থিক লিভারেজ কত হবে?

(A) 4
(B) 20
(C) 2
(D) 1

**36.** In the foreign exchange market hedging activity means

(A) earning riskless profit.
(B) earning risky profit.
(C) protection against risk.
(D) bearing foreign exchange risk.

**36.** বৈদেশিক মুদ্রার বাজারে হেজিং অ্যাক্টিভিটি বলতে বোঝায়

(A) ঝুঁকিহীন মুনাফা অর্জন।
(B) ঝুঁকিযুক্ত মুনাফা অর্জন।
(C) ঝুঁকি থেকে রক্ষা পাওয়া।
(D) বৈদেশিক মুদ্রা সংক্রান্ত ঝুঁকি বহন।

**37.** If a company sells its account receivable to another party to raise funds, it is known as

(A) Securitization
(B) Factoring
(C) Pledging
(D) Hedging

**37.** একটি কোম্পানি যদি নিজের 'প্রাপ্য অর্থের অধিকার' (Account Receivable) অন্য কোনও পক্ষকে বিক্রি করে ওই পক্ষকে ফান্ড/তহবিল তোলার অনুমতি দেয়, তাহলে বলা হয়

(A) Securitization
(B) Factoring
(C) Pledging
(D) Hedging

**38.** If the expected return on market portfolio is 20%, beta of portfolio is 1·2 and the risk free rate is 10%, the expected return on the above portfolio is equal to

(A) 22%
(B) 12%
(C) 20%
(D) 32%

**38.** মার্কেট পোর্টফোলিও থেকে প্রত্যাশিত আয় 20%, পোর্টফোলিও বিটা 1·2 এবং ঝুঁকিমুক্ত হার 10% হলে, পোর্টফোলিও থেকে প্রত্যাশিত আয়ের হার হবে

(A) 22%
(B) 12%
(C) 20%
(D) 32%

**39.** Dividends are the __________ of a company distributed amongst members in proportion to their shares. Which one of the following is appropriate to fill in the blank?

(A) divisible profits
(B) capital reserve
(C) assets with cash and bank
(D) stock split

**39.** ডিভিডেন্ড হল একটি কোম্পানির সদস্যদের মধ্যে তাদের শেয়ারের অনুপাতে ভাগ করে দেওয়া __________। নীচের কোনটি শূন্যস্থান পূরণের জন্য যথাযথ?

(A) বণ্টনযোগ্য মুনাফা (Divisible profits)
(B) মূলধন সঞ্চিতি (Capital Reserve)
(C) নগদ ও ব্যাঙ্কে জমা অর্থসহ অন্যান্য সম্পত্তি (Assets with Cash and Bank)
(D) স্টক খণ্ডিতকরণ (Stock split)

**40.** Which one involves increasing the par value and decreasing the number of outstanding shares proportionately?

(A) Reverse stock split
(B) Stock split
(C) Bonus issue
(D) ESOP

**40.** কোনটির জন্য নামিক মূল্য (PAR value) বাড়ে এবং বকেয়া শেয়ারের সংখ্যা আনুপাতিক হারে কমে?

(A) বিপরীত স্টক খণ্ডিতকরণ (Reverse stock split)
(B) স্টক খণ্ডিতকরণ (Stock split)
(C) বোনাস ইস্যু (Bonus issue)
(D) কর্মচারীদের শেয়ার নির্বাচনের প্রকল্প (ESOP)

**41.** For open ended classes, the appropriate measure of central tendency is

(A) Mode
(B) Arithmetic Mean
(C) Harmonic Mean
(D) Median

**41.** মুক্ত শ্রেণির (open ended class-এর) জন্য Central Tendency-র যথাযথ পদ্ধতি হল

(A) Mode
(B) Arithmetic Mean
(C) Harmonic Mean
(D) Median

**42.** The arithmetic mean of a group of 100 items is found to be 50 and that of another group of 150 items is 100. The arithmetic mean of all items will be

(A) 185
(B) 80
(C) 90
(D) 180

**42.** 100টি আইটেমের একটি গ্রুপের Arithmetic Mean 50 এবং 150টি আইটেমের অন্য একটি গ্রুপের Arithmetic Mean 100 হলে সমস্ত আইটেমগুলির Arithmetic Mean হবে

(A) 185
(B) 80
(C) 90
(D) 180

**43.** If there is no relation between two variables, the value of the coefficient of correlation will be

(A) +1
(B) –1
(C) 0·5
(D) 0

**43.** দুটি ভেরিয়েবেলের (variable-এর) মধ্যে যদি কোনো সম্পর্ক না থাকে, তাহলে coefficient of correlation হবে

(A) +1
(B) –1
(C) 0·5
(D) 0

**44.** Report of the World Bank is a source of

(A) schedule data
(B) observation data
(C) secondary data
(D) primary data

**44.** বিশ্বব্যাঙ্কের প্রতিবেদন কী ধরনের তথ্যসূত্র?

(A) তালিকাভুক্ত উপাত্ত (Schedule Data)
(B) পর্যবেক্ষণ উপাত্ত (Observation Data)
(C) গৌণ উপাত্ত (Secondary Data)
(D) প্রাথমিক উপাত্ত (Primary Data)

**45.** If the angle between the two regression lines is 90º, the coefficient of correlation between two variables will be

(A) +1
(B) –1
(C) 0·5
(D) 0

**45.** দুটি Regression রেখার মধ্যে 90º কোণ হলে, দুটি variable-এর coefficient of correlation হবে

(A) +1
(B) –1
(C) 0·5
(D) 0

**46.** The parameters of the standard normal distribution are

(A) (0, 0)
(B) (1, 1)
(C) (0, 1)
(D) (1, 0)

**46.** Standard Normal Distribution-এর স্থিতিমাপগুলি (Parameters) হল

(A) (0, 0)
(B) (1, 1)
(C) (0, 1)
(D) (1, 0)

**47.** The most widely accepted sampling is

(A) Simple Random Sampling
(B) Purposive Sampling
(C) Quota Sampling
(D) Convenience Sampling

**47.** সবচেয়ে বেশি ব্যবহৃত নমুনাপদ্ধতি (Sampling) হল

(A) Simple Random Sampling
(B) Purposive Sampling
(C) Quota Sampling
(D) Convenience Sampling

**48.** For theoretical distribution, mean = variance is in

(A) Normal Distribution
(B) Binomial Distribution
(C) Poisson Distribution
(D) Rectangular Distribution

**48.** কোন Theoretical Distribution-এর Mean এবং Variance সমান?

(A) Normal Distribution
(B) Binomial Distribution
(C) Poisson Distribution
(D) Rectangular Distribution

**49.** Chi Square Distribution is used for the test of

(A) Goodness of fit
(B) Variance ratio test
(C) Small sample test
(D) Hypothetical value of population parameter

**49.** Chi Square Distribution যে পরীক্ষার জন্য ব্যবহার করা হয় সেটি হল

(A) Goodness of fit
(B) Variance ratio test
(C) Small sample test
(D) Hypothetical value of population parameter

**50.** For a contingency table with 4 rows and 3 columns, the degree of freedom will be

(A) 12
(B) 6
(C) 20
(D) 10

**51.** Which of the following is not a stage in 'Maslow's Hierarchy of Needs' theory?

(A) Psychological
(B) Security
(C) Social
(D) Self actualisation

**52.** Which of the following is not a control technique in management?

(A) Break-even Analysis
(B) Environmental Analysis
(C) Budgetary Control
(D) Responsibility Accounting

**53.** According to Vroom's Expectancy Theory,

Motivation = Valence × Expectancy × ________.

Which of the following terms would be most appropriate in the blank?

(A) Effort
(B) Drive
(C) Instrumentality
(D) Risk

**54.** According to the Managerial Grid framework conceived by Blake and Mouton, wherein 'concern for production/task' is measured on the X-Axis and 'concern for people' is measured on the Y-Axis. Which leadership style do the coordinates (1, 9) represent, given that on each axis 1 represents least concern and 9 represents greatest concern?

(A) Team
(B) Task
(C) Middle of the road
(D) Country club

**50.** 4টি সারি (row) এবং 3টি কলাম (column) যুক্ত একটি contingency table-এর degree of freedom হবে

(A) 12
(B) 6
(C) 20
(D) 10

**51.** নীচের কোনটি মাসলো'র প্রয়োজন বা চাহিদার ক্রমোন্নতি স্তর তত্ত্বের (Maslow's Hierarchy of Needs) কোনো পর্যায় (stage) নয়?

(A) মনস্তাত্ত্বিক (Psychological)
(B) নিরাপত্তা (Security)
(C) সামাজিক (Social)
(D) আত্ম-উপলব্ধি (Self actualisation)

**52.** নীচের কোনটি পরিচালন ব্যবস্থার অন্তর্গত নিয়ন্ত্রণ পদ্ধতি নয়?

(A) সম আয়-ব্যয় বিশ্লেষণ (Break-even Analysis)
(B) পরিবেশ সংক্রান্ত বিশ্লেষণ (Environmental Analysis)
(C) বাজেটের মাধ্যমে নিয়ন্ত্রণ (Budgetary Control)
